

তবে শর্ত থাকে যে, উক্ত কর বৎসরসমূহের কর দাবী সংক্রান্ত কোন মামলা বাংলাদেশ সুপ্রীম কোর্টে বিচারাধীন থাকিলে বিচারাধীন উক্ত মামলার ক্ষেত্রে এই অবলোপন প্রযোজ্য হইবে না।

৭৩। (১) উপধারা (২), (৩) এবং (৫) এর বিধানাবলী সাপেক্ষে, ২০০২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে এই আইনের তফসিল ৪ এ নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

আয়কর

(২) ২০০২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় ব্যাংকিং চ্যানেল (banking channel) এ বাংলাদেশে আনয়ন করেন, তাহা হইলে তাঁহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৩) ২০০২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বিদেশে কর্মরত বাংলাদেশের কোন নাগরিক (individual) যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় ব্যাংকিং চ্যানেল (banking channel) এর মাধ্যমে বাংলাদেশে আনয়ন করেন, তাহা হইলে তাঁহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৪) যে সকল ক্ষেত্রে Income-tax Ordinance এর SECOND SCHEDULE (মূলধনী মুনাফা ও লটারী আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে সেই সকল ক্ষেত্রে আরোপনযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৫) Income-tax Ordinance এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্ত তফসিল ৪ এ (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ২০০২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ এবং ২০০৩ সালের ৩০ শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৬) এই ধারা এবং এই ধারার অধীন আরোপিত আয়কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয় (total income)” বলিতে Income-tax Ordinance এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income) বুঝাইবে।

#### দশম অধ্যায়

**Finance Ordinance, 1986 (Ord. No. XLV of 1986) এর সংশোধন**

৭৪। Finance Ordinance, 1986 (Ord. No. XLV of 1986) এর section 12 বিলুপ্ত হইবে।

**Ordinance No.  
XLV of 1986 এর  
section 12 এর  
বিলুপ্তি**